গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কার্যালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নান্দাইল,
ময়মনসিংহ
doict.nandail.mymensingh.gov.bd

উপজেলা আইসিটি কমিটির আগস্ট/২০২২ খ্রি. মাসের সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ আবুল মনসুর<br>উপজেলা নির্বাহী অফিসার |
| সভার তারিখ | ০১/০৮/২০২২ খ্রিঃ |
| সভার সময় | সকাল ১১.০০ |
| স্থান | উপজেলা প্রশাসনিক ভবন সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | সভায় উপস্থিত এবং অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট “ক”তে উল্লেখ করা হল। |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানান। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নান্দাইল, ময়মনসিংহ কর্তৃক উপজেলা আইসিটি কমিটির বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ় করা হয়। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| **ক্রমিক:** | **আলোচ্য বিষয় ও আলোচনা** | **সিদ্ধান্ত** | **বাস্তবায়নকারী** |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ১.০ | **<u>তথ্য বাতায়ন হালনাগাদকরণঃ</u>**<br>এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে,<br>১। উপজেলা পর্যায়ের সকল দপ্তরকে নিজ নিজ তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, তথ্য অধিকার আইন ২০০৯ (২০০৯ সালের ২০ নং আইন) এর ৪ ধারা অনুযায়ি তথ্য পাওয়া নাগরিকগণের অধিকার। সেজন্য আইনের ৬ ধারায় তথ্য প্রকাশের নির্দেশনা দেয়া হয়েছে এবং তথ্য কমিশনের স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা ২০১৪-তে স্ব স্ব ওয়েবপোর্টালে প্রকাশযোগ্য সকল হালনাগাদ তথ্য প্রদানের নির্দেশনা দেয়া হয়েছে। তাছাড়া সচিবালয় নির্দেশমালা ২০১৪ এর ১৫(৫) ও মন্ত্রিপরিষদ বিভাগের ৯/৯/১৫ তারিখে স্মারক নং ১২৮, ০৪/০১/১৮ তারিখের স্মারক নং ১-তে ওয়েবসাইট প্রস্তুত ও ব্যবস্থাপনা সংক্রান্ত অনুশাসন এবং ০৪/০৭/১৯ তারিখের ১৩০ নং স্মারকে সরকারি দপ্তরের ওয়েবসাইটগুলোর অধিকতর উন্নয়ন ও হালনাগাদকরণের নির্দেশনা প্রদান করা হয়েছিল। পত্র যোগাযোগের সময় স্ব স্ব দপ্তরের নিজ ওয়েবপোর্টালের ঠিকানা ব্যবহার। জনগণের দোরগোড়ায় তথ্য ও সেবা পৌঁছানোর লক্ষ্যে নাগরিক সেবার মান বৃদ্ধিতে প্রত্যেক দপ্তরের নোটিশ, খবর, সিটিজেন চার্টার, এপিএ, এনআইএস, টেন্ডার বিজ্ঞপ্তি, কর্মকর্তা ও কর্মচারীদের তথ্য নিয়মিত ওয়েব সাইটে হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়। এছাড়া তথ্য বাতায়নের রিপোর্ট অনুযায়ী শতভাগ হালনাগাত করার বিষয়ে আলোচনা হয়। | ১। নিজ নিজ তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করতে হবে। পত্র যোগাযোগের সময় স্ব স্ব দপ্তরের দপ্তর প্রধানকে নিজস্ব ওয়েব পোর্টালের ঠিকানা ব্যবহার করতে হবে এবং প্রত্যেক দপ্তরের নোটিশ, খবর, সিটিজেন চার্টার, এপিএ, এনআইএস, টেন্ডার বিজ্ঞপ্তি, কর্মকর্তা ও কর্মচারীদের তথ্য নিয়মিত ওয়েব পোর্টালে হালনাগাদ করাতে হবে।<br>২। সংশ্লিষ্ট সকল ওয়েব পোর্টালের চলমান অবস্থা ও হালনাগাদ করণ কার্যক্রমের রিপোর্ট মাসিক উপজেলা আইসিটি কমিটির সভায় দাখিল করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। রিপোর্ট সংযুক্ত। | ১। দপ্তর প্রধান (সকল), নান্দাইল<br>২। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নান্দাইল |

| | | | |
|---|---|---|---|
| ২.০ | **ই-নথি বাস্তবায়ন সংক্রান্তঃ**<br>এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, উপজেলা পর্যায়েলাইভ সার্ভারে ই-নথি কার্যক্রম চলমান অফিসের সংখ্যা ১১ (এগার)টি। অফিসগুলো- উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা পরিষদ, উপজেলা ভূমি অফিস, উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা শিক্ষা অফিস, উপজেলা মহিলা বিষয়ক অফিস, উপজেলা সমবায় অফিস, উপজেলা সমাজসেবা অফিস, উপজেলা কৃষি অফিস, উপজেলা প্রাণী সম্পদ অফিস এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস। ট্রেনিং সার্ভারে কার্যক্রম চলমান অফিসের সংখ্যা ১৩ (তের) টি। অফিসগুলো- উপজেলা মৎস্য অফিস, উপজেলা বিআরডিবি অফিস, উপজেলা যুব উন্নয়ন অফিস, উপজেলা রিসোর্স সেন্টার, উপজেলা নির্বাচন অফিস, উপজেলা আনসার ও ভিডিপি অফিস, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের অফিস, উপজেলা প্রকৌশলীর অফিস, জাতীয় মহিলা সংস্থা, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস, উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার অফিস, সহকারী প্রকৌশলীর কার্যালয়, উপজেলা পরিবার পরিকল্পনা অফিস। অন্যান অফিসগুলোকে ট্রেনিং সার্ভারে আনার কার্যক্রম চলমান রয়েছে। লাইভ সার্ভারের অফিসগুলোরকে প্রত্যেক মাসিক সভায় উপস্থিত হতে হবে এবং ই-নথি কার্যক্রমের উপর আলোকপাত করার বিষয়ে আলোচনা হয়।<br>সহকারী প্রোগ্রামার আরো জানান যে, সচিবালয় নির্দেশমালা, ২০১৪-এর ১৫(১)(ক), ১৫(১)(গ), ১৫(৬) এবং ১৬ নম্বর নির্দেশনাসমূহে ই-নথি বাস্তবায়নের সুস্পষ্ট নির্দেশনা প্রদানসহ ইলেক্ট্রনিক পদ্ধতিতে পত্র গ্রহণ এবং পত্র প্রেরণ কার্যক্রমকে অগ্রাধিকার প্রদানের সুস্পষ্ট অনুশাসণ রয়েছে। এছাড়াও প্রেক্ষিত পরিকল্পনা ২০১০-২০২১, জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১২, অভিযোগ প্রতিকার ব্যবস্থা নির্দেশকা-২০১৫ এবং জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৮-এ ই-নথি কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। তাছাড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতেও (এপিএ) ই-নথি ব্যবহারের বাধ্যবাধকতা রয়েছে। ফলে সকল সরকারি দপ্তরে ই-নথির ব্যবহার ত্বরান্বিত করা আবশ্যিক। | ১। ই-নথি কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করে নাগরিকসেবা প্রদানের মাধ্যমে ডিজিটাল বাংলাদেশ কার্যক্রমে গতিসঞ্চারের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য লাইভ সার্ভারে চলমান অফিসগুলোকে বিশেষভাবে অনুরোধ করা হলো। ই-নথি লাইভ সার্ভারে চলমান অফিসগুলো সকল দাপ্তরিক কাজ ই-নথি সিস্টেমে করার ব্যাপারে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। ই-নথি সিস্টেমে রিপোর্ট মাসিক সমন্বয় সভায় ও উপজেলা আইসিটি কমিটির সভায় দাখিল করণ বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। এক্ষেত্রে কোন কারিগরি সমস্যা ও সহায়তা ক্ষেত্রে প্রয়োজন বোধে আইসিটি অধিদপ্তরস্থ নান্দাইল উপজেলা কার্যালয়ের সহকারী প্রোগ্রামারের সাথে যোগাযোগের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। দপ্তর প্রধান (সকল), নান্দাইল<br>২। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নান্দাইল |

| | | | |
|---|---|---|---|
| ৩.০ | **শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন, ব্যবহার ও প্রশিক্ষণের আয়োজন সংক্রান্তঃ**<br>সহকারী প্রোগ্রামার বলেন, ১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক নান্দাইল উপজেলায় ৩৯ টি প্রতিষ্ঠানে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়। ল্যাব-সমূহ নিয়মিত পরিদর্শন, ব্যবহার ও ইনহাউজ প্রশিক্ষণ চলু করার বিষয়ে আলোচনা করা হয়। এক্ষেত্রে শেখ রাসেল ডিজিটাল ল্যাবের জন্য শিক্ষক সহায়িকা পুস্তক ব্যবহারের বিষয়ে আলোচনা হয়।<br>২। ল্যাব সমূহ নিয়মিত ছাত্র-ছাত্রীদের ব্যবহার নিশ্চিত করার বিষয়ে আলোচনা হয়। | শেখ রাসেল ডিজিটাল ল্যাবে সরবরাহকৃত কম্পিউটার সামগ্রী রক্ষণাবেক্ষনের বিষয়ে নিম্নলিখিত নির্দেশনাসমূহ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে অনুসরণ করার জন্য অনুরোধ করা হল :<br>১। শেখ রাসেল ডিজিটাল ল্যাব নিয়মিত পরিদর্শন এবং পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করতে হবে। ল্যাবসমূহে নিয়মিত প্রশিক্ষণ চালু রাখতে হবে। এক্ষেত্রে শেখ রাসেল ডিজিটাল ল্যাবের জন্য শিক্ষক সহায়িকা পুস্তক ব্যবহার করতে হবে।<br>২। ল্যাব সমূহ নিয়মিত ছাত্র-ছাত্রীদের ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>৩। কম্পিউটার ল্যাব এবং এর যন্ত্রাংশসমূহ নিয়মিত পরিষ্কার পরিছন্ন রাখতে হবে এবং প্রতিটি ল্যাপটপ নিয়মিত চার্জ দিতে হবে।<br>৪। শেখ রাসেল ডিজিটাল ল্যাব কক্ষের নিরাপত্তা বাড়ানোর জন্য ল্যাবের দরজা, জানালার নিরাপত্তা বাড়াতে হবে যেমন: জানালার ফাঁক দিয়ে যাতে কোন ভাবেই ল্যাপটপ বের করা না যায় তা নিশ্চিত করার তাগিদে জানালায় অতিরিক্ত লোহার পাত ঝালাই করে ফাঁক সমূহকে কমিয়ে আনতে হবে এবং ল্যাবের দরজার নিরাপত্তা বাড়ানোর তাগিদে অতিরিক্ত কেঁচি গেট/গ্রিল গেট সংযুক্ত করা যেতে পারে।<br>৫। শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত নৈশপ্রহরীকে রাত্রীকালীন সময়ে ল্যাব কক্ষের পার্শ্ববর্তী কোন কক্ষে/স্থানে (সংশ্লিষ্ট ভনের একই মেঝেতে) অবস্থান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৬। শেখ রাসেল ডিজিটাল ল্যাবে প্রয়োজনীয় রেজিস্টারাদি সংরক্ষণ ও নিয়মিত হালনাগাদ করতে হবে।<br>৭। শেখ রাসেল আইসিটি ক্লাবের কার্যক্রম বেগবান করতে হবে।<br>৮। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রণীত শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাব পরিচালনার নীতিমালা-২০১২ অনুযায়ী ল্যাব পরিচালন করতে হবে। সংযুক্তঃ( শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রণীত শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাব পরিচালনার নীতিমালা-২০১২) | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা, নান্দাইল<br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, নান্দাইল<br>৩। শেখ রাসেল ডিজিটাল ল্যাব/ক্লাসরুম প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল), নান্দাইল, ময়মনসিংহ<br>৪। শেখ রাসেল ডিজিটাল ল্যাব/ক্লাসরুম প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের আইসিটি শিক্ষক (সকল), নান্দাইল, ময়মনসিংহ |

| | | | |
|---|---|---|---|
| ৪.০ | **ইউনিয়ন ওয়েবপোর্টাল এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টার ও পৌর ডিজিটাল সেন্টারের কার্যক্রমঃ**<br>১। সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টার ও পৌর ডিজিটাল সেন্টারের কার্যক্রম চলমান রাখতে হবে এবং প্রান্তিক জনগনকে সেবা প্রদান ব্যপারে আলোচনা করা হয়।<br>২। ইউডিসিতে আরোও সেবা মান বাড়ানোসহ আয় বৃদ্ধি করার জন্য আলোচনা হয়।<br>একসেবা সিস্টেমে নিয়মিত আয় আপলোডের বিষয়ে আলোচনা হয়।<br>৩। স্থানীয় সরকার বিভাগের ১২ আগস্ট ২০২০ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০১৭.৯৯.০৩৯.২০১৯.৭৭৯ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী সকল ইউনিয়নের ওয়েব সাইট/পোর্টাল নিয়মিত হালনাগাদ করতে হবে। এলজিএসপি সহ সকল প্রকল্পের তালিকা নিয়মিত হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়। | ১। সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টার ও পৌর ডিজিটাল সেন্টারের কার্যক্রম চলমান রাখতে হবে এবং প্রান্তিক জনগনকে সেবা দিতে হবে।<br>২। সকল ইউডিসিতে সরকার কর্তৃক নিরাপত্তা বেষ্টনি ভাতা ইউডিসির মাধ্যমে প্রদান করার জন্য উপজেলার সংশ্লিষ্ট দপ্তরসমূহে প্রয়োজনী ব্যবস্থা গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। সকল উদ্যোক্তাদের ইউডিসিতে কার্যক্রম বাড়ানোর জন্য বলা হয়। একসেবা সিস্টেমে নিয়মিত আয় আপলোড দিতে হবে। ইউডিসি রিপোর্ট, সংযুক্ত<br>৪। স্থানীয় সরকার বিভাগের ১২ আগস্ট ২০২০ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০১৭.৯৯.০৩৯.২০১৯.৭৭৯ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী সকল ইউনিয়নের ওয়েব সাইট/পোর্টাল নিয়মিত হালনাগাদ করতে হবে। এলজিএসপি সহ সকল প্রকল্পের তালিকা নিয়মিত হালনাগাদ করার বিষয়ে সিদ্ধাত গৃহিত হয়। | ১। ইউপি চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, নান্দাইল<br>২। ইউপি সচিব (সকল), নান্দাইল<br>৩। উদ্যোক্তা (সকল) ইউডিসি ও পিডিসি, নান্দাইল |
| ৫.০ | মাল্টিমিডিয়া ক্লাসরুম কার্যক্রম, শিক্ষক বাতায়ন পোর্টাল সংক্রান্তঃ<br>এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে,<br>১) মাল্টিমিডিয়া মনিটরিং সিস্টেমে (web: mmcm.gov.bd) কার্যক্রম বেগমান করার বিষয়ে আলোচনা হয়।<br>২) শিক্ষক বাতায়ন পোর্টাল সম্পর্কে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, ইতিমধ্যে শিক্ষকেরা শিক্ষক বাতায়ন পোর্টালে নিবন্ধনভুক্ত হয়েছেন তাতে দৈনিক কন্টেন্ট আপলোড, ডাউনলোড করছেন। | ১। মাল্টিমিডিয়া মনিটরিং সিস্টেম যাতে ১০০% বাস্তবায়িত হয় তা সহকারী প্রোগ্রামারকে মনিটরিং ও সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয়।<br>২। মাল্টিমিডিয়া মনিটরিং সিস্টেমে যাতে শতভাগ রিপোর্ট ভালো হয় এ ব্যপারে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার তাঁর অধিনস্থ সকল শিক্ষা-প্রতিষ্ঠান কে মনিটরিং করার বিষয়ে অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা, নান্দাইল<br>২। উপজেলা শিক্ষা অফিসার, নান্দাইল<br>৩। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, নান্দাইল<br>৪। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল), নান্দাইল, ময়মনসিংহ |

| | | | |
|---|---|---|---|
| ৬.০ | "ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২" সংক্রান্তঃ<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে বিশেষ অবদান রাখার জন্য ব্যাক্তি, দল ও প্রতিষ্ঠানকে অনুপ্রেরণা, উৎসাহ ও উদ্দীপনা যোগানো এবং স্বীকৃতি প্রদানের লক্ষ্যে বিভিন্ন ক্যাটাগরিতে শ্রেষ্ঠ ব্যক্তি, দল ও প্রতিষ্ঠানকে<br>"ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২" প্রদানের নিমিত্ত আবেদন আহ্বান করা যাচ্ছে।<br>জেলা ও জাতীয় পর্যায়ে অনলাইনে আবেদন সমূহ দাখিলের সময়সীমাঃ ২৩ জুলাই ২০২২ থেকে ২২ আগস্ট ২০২২<br>পুরস্কার প্রদানের ক্ষেত্রঃ<br>(ক) সাধারণ<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে মানব সম্পদ উন্নয়ন;<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি শিল্পের বিকাশে অবদান;<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অবকাঠামো উন্নয়নে অবদান;<br>কেন্দ্রীয়/মাঠ পর্যায়ে/বাংলাদেশ মিশনে ই-সার্ভিস বাস্তবায়ন; এবং<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে নাগরিক সেবার মান উন্নয়ন।<br>(খ) কারিগরি<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে সফটওয়ার/হার্ডওয়ার/নেটওয়ার্ক উন্নয়ন;<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতের নিরাপত্তা (সাইবার নিরাপত্তা) নিশ্চিতকরণ;<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি গবেষণা ও উদ্ভাবন; এবং বাংলাদেশে সমৃদ্ধি আনয়নে ফ্রন্টিয়ার/ইমার্জিং টেকনোলজির ব্যবহার।<br>আবেদন করার প্রক্রিয়াঃ<br>অনলাইনের মাধ্যমে মনোনয়ন/আবেদন দাখিল করতে হলে নিবন্ধন (রেজিস্ট্রেশন) করতে হবে।<br>প্রতি ব্যবহারকারী প্রতি ক্যাটেগরিতে একাধিক মনোনয়ন/আবেদন দাখিল করতে পারবে।<br>অনলাইনে নিবন্ধনের লিংকঃ<br>https://digitalbangladesh.gov.bd/ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে বিশেষ অবদান রাখার জন্য ব্যাক্তি, দল ও প্রতিষ্ঠানকে অনুপ্রেরণা, উৎসাহ ও উদ্দীপনা যোগানো এবং স্বীকৃতি প্রদানের লক্ষ্যে বিভিন্ন ক্যাটাগরিতে শ্রেষ্ঠ ব্যক্তি, দল ও প্রতিষ্ঠানকে<br>"ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২" প্রদানের নিমিত্ত আবেদন আহ্বান করা যাচ্ছে।<br>জেলা ও জাতীয় পর্যায়ে অনলাইনে আবেদন সমূহ দাখিলের সময়সীমাঃ ২৩ জুলাই ২০২২ থেকে ২২ আগস্ট ২০২২<br>পুরস্কার প্রদানের ক্ষেত্রঃ<br>(ক) সাধারণ<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে মানব সম্পদ উন্নয়ন;<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি শিল্পের বিকাশে অবদান;<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অবকাঠামো উন্নয়নে অবদান;<br>কেন্দ্রীয়/মাঠ পর্যায়ে/বাংলাদেশ মিশনে ই-সার্ভিস বাস্তবায়ন; এবং<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে নাগরিক সেবার মান উন্নয়ন।<br>(খ) কারিগরি<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে সফটওয়ার/হার্ডওয়ার/নেটওয়ার্ক উন্নয়ন;<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতের নিরাপত্তা (সাইবার নিরাপত্তা) নিশ্চিতকরণ;<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি গবেষণা ও উদ্ভাবন; এবং বাংলাদেশে সমৃদ্ধি আনয়নে ফ্রন্টিয়ার/ইমার্জিং টেকনোলজির ব্যবহার।<br>আবেদন করার প্রক্রিয়াঃ<br>অনলাইনের মাধ্যমে মনোনয়ন/আবেদন দাখিল করতে হলে নিবন্ধন (রেজিস্ট্রেশন) করতে হবে।<br>প্রতি ব্যবহারকারী প্রতি ক্যাটেগরিতে একাধিক মনোনয়ন/আবেদন দাখিল করতে পারবে।<br>অনলাইনে নিবন্ধনের লিংকঃ<br>https://digitalbangladesh.gov.bd/<br>সংশ্লিষ্ট সকল কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা, নান্দাইল<br>২। উপজেলা শিক্ষা অফিসার, নান্দাইল<br>৩। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, নান্দাইল<br>৪। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল), নান্দাইল, ময়মনসিংহ<br>৫। ইউপি চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, নান্দাইল<br>৬। ইউপি সচিব (সকল), নান্দাইল<br>৭। উদ্যোক্তা (সকল) ইউডিসি ও পিডিসি, নান্দাইল |

| | | | |
|---|---|---|---|
| ৭.০ | <u>শেখ রাসেল দিবস উদযাপন নীতিমালা ২০২২ঃ</u><br>শেখ রাসেল দিবস উদযাপন নীতিমালা ২০২২ নিয়ে সভায় আলোচনা হয়। | শেখ রাসেল দিবস উদযাপন নীতিমালা ২০২২ অনুযায়ী নান্দাইল উপজেলার ৩৯টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব থেকে নীতিমালা অনুযায়ী শ্রেষ্ঠ ৩টি শেখ রাসেল ডিজিটাল ল্যাবকে পুরষ্কার প্রদান করা হবে। নীতিমালা সংযুক্তঃ শেখ রাসেল দিবস উদযাপন নীতিমালা ২০২২ | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা, নান্দাইল<br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, নান্দাইল<br>৩। শেখ রাসেল ডিজিটাল ল্যাব/ক্লাসরুম প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল), নান্দাইল, ময়মনসিংহ<br>৪। শেখ রাসেল ডিজিটাল ল্যাব/ক্লাসরুম প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের আইসিটি শিক্ষক (সকল), নান্দাইল, ময়মনসিংহ |

অতঃপর, সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ আবুল মনসুর
উপজেলা নির্বাহী অফিসার

স্মারক নম্বর: ৫৬.০৪.৬১৭২.০০০.০৬.০০১.২০.২৭

তারিখ: ২ ভাদ্র ১৪২৯
১৭ আগস্ট ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) জনাব এ.কে.এম রহমাতুল্লাহ (১৮৪ ঢাকা-১১), মাননীয় সভাপতি, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি

২) জনাব জুনাইদ আহমেদ পলক (৬০ নাটোর-৩), মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি

৩) জনাব বেনজীর আহমদ (১৯৩ ঢাকা-২০) মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি

৪) জনাব রেজওয়ান আহাম্মদ তৌফিক (১৬৫ কিশোরগঞ্জ-৪), মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি

৫) জনাব ফাহমী গোলন্দাজ বাবেল (১৫৫ ময়মনসিংহ-১০), মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

সম্পর্কিত স্থায়ী কমিটি

৬) জনাব আহমেদ ফিরোজ কবির (৬৯ পাবনা-২), মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি

৭) জনাব মোঃ নুরুল আমিন (২৬১ চাঁদপুর-২), মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি

৮) বেগম মনিরা সুলতানা (৩২৬ মহিলা আসন-২৬), মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি

৯) বেগম জাকিয়া পারভীন খানম (৩১৮ মহিলা আসন-১৮) মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি

১০) বেগম অপরাজিতা হক (৩২০ মহিলা আসন-২০), মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি

১১) জনাব আনোয়ারুল আবেদীন খান (তুহিন) (১৫৪-ময়মনসিংহ-৯), মাননীয় সংসদ সদস্য ও উপদেষ্টা, উপজেলা আইসিটি কমিটি, নান্দাইল, ময়মনসিংহ

১২) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

১৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ

১৪) চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা আইসিটি কমিটি, নান্দাইল, ময়মনসিংহ

১৫) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নান্দাইল, ময়মনসিংহ

১৬) প্রোগ্রামার, প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ময়মনসিংহ

১৭) সদস্য (সকল), উপজেলা আইসিটি কমিটি, নান্দাইল, ময়মনসিংহ

১৮) উপজেলা কর্মকর্তা (সকল), নান্দাইল, ময়মনসিংহ

১৯) ইউপি চেয়ারম্যান (সকল), নান্দাইল, ময়মনসিংহ

২০) শেখ রাসেল ডিজিটাল ল্যাব/ক্লাসরুম প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল), নান্দাইল, ময়মনসিংহ

২১) শেখ রাসেল ডিজিটাল ল্যাব/ক্লাসরুম প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের আইসিটি শিক্ষক (সকল), নান্দাইল, ময়মনসিংহ

২২) উদ্যোক্তা (সকল), ইউনিয়ন/উপজেলা/পৌরসভা, ডিজিটাল সেন্টার, নান্দাইল, ময়মনসিংহ

Rakib

মোঃ রাকিবুল হাসান
সহকারী প্রোগ্রামার